

### বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের ভাতা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী:

- ০১। সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;
- ০২। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;
- ০৩। বয়ঃবৃদ্ধা অসহায় ও দুঃস্থ বিধবা বা স্বামী পরিত্যক্তা মহিলাকে অগ্রাধিকার প্রদান করা হবে;
- ০৪। যিনি দুঃস্থ অসহায়, প্রায় ভূমিহীন, বিধবা বা স্বামী পরিত্যক্তা এবং যার ১৬ বছর বয়সের নীচে ২টি সন্তান রয়েছে, তিনি ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
- ০৫। দুঃস্থ, দরিদ্র, বিধবা ও স্বামী পরিত্যক্তাদের মধ্যে যারা প্রতিবন্ধী ও অসুস্থ তারা ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
- ০৬। প্রার্থীর বার্ষিক গড় আয়: অনুর্ধ্ব ১২,০০০/- (বার হাজার) টাকা হতে হবে;
- ০৭। বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

### অধ্যয়নরত প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি পাওয়ার যোগ্যতা ও শর্তাবলী:

- ০১। প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ অনুযায়ী জেলা সমাজসেবা কার্যালয় হতে নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করতে হবে। যে জেলার স্থায়ী বাসিন্দা সে জেলা হতে নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করতে হবে;
- ০২। ২নং অনুচ্ছেদে বর্ণিত সংজ্ঞা অনুযায়ী প্রতিবন্ধী হতে হবে;
- ০৩। ৮.২ নং অনুচ্ছেদে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী হতে হবে;
- ০৪। বয়স ৫ বছর বা তদুর্ধ্ব হতে হবে;
- ০৫। অভিভাবকের বার্ষিক আয় ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকার উর্ধ্বে নয় এমন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী;
- ০৬। তালিকাভুক্ত ছাত্রছাত্রীকে ক্লাসে উপস্থিতির হার মাসে কমপক্ষে ৫০% থাকতে হবে;
- ০৭। তালিকাভুক্ত ছাত্রছাত্রীকে নিয়মিত পরীক্ষায় অংশ গ্রহণসহ বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;
- ০৮। কোন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী নতুনভাবে স্কুলে ভর্তি হলে উল্লিখিত ৬ ও ৭ এ বর্ণিত শর্তাবলী তার জন্য শিথিলযোগ্য; তবে পরবর্তীতে যোগ্যতা অর্জন করতে হবে;
- ০৯। বিদ্যালয়ের সংশ্লিষ্ট ক্যাচমেন্ট এলাকার দরিদ্র প্রতিবন্ধী শিক্ষার্থী হতে হবে।

### বয়স্ক ভাতা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী:

- ০১। সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;
- ০২। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;
- ০৩। বয়স পুরুষের ক্ষেত্রে সর্বনিম্ন ৬৫ বছর এবং মহিলাদের ক্ষেত্রে সর্বনিম্ন ৬২ বছর হতে হবে। সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত বয়স বিবেচনায় নিতে হবে;
- ০৪। প্রার্থীর বার্ষিক গড় আয় অনুর্ধ্ব ১০,০০০/- (দশ হাজার) টাকা হতে হবে;
- ০৫। বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

বিঃদ্র: বয়স নির্ধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, এসএসসি/সমমান পরীক্ষার সনদপত্র বিবেচনা করতে হবে। এ ক্ষেত্রে কোন বিতর্ক দেখা দিলে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।